# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 26 April, 2025

ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ের মুন্সীগঞ্জের সিরাজদিখানে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে সার্ভিস লেনের রেলিংয়ের সঙ্গে ধাক্কা লেগে ঘটনাস্থলে চালক ইউসুফ খান (৫৪) নিহত হয়েছে। শনিবার (২৬ এপ্রিল) সকাল ৯টা ২০মিনিটে জেলার সিরাজদিখান উপজেলার কেয়াইন ইউনিয়নের নিমতলা এলাকার কলাবাগানের সামনে ঢাকা মুখী লেনে এ দুর্ঘটনা ঘটে।

নিহত ইউসুফের ফরিদপুর জেলার সালথা থানার বাউসখালী গ্রামের বেদন খানের ছেলে।পুলিশ ও স্থানীয়রা জানায়, নিমতলা এলাকার কলাবাগানের সামনে সার্ভিস লেনের ঢাকা মুখী লেনে ঢাকা মেট্রো হ ৩৮-০৬১৩ মোটরসাইকেল চালক বেপরোয়া ও দ্রুত গতির কারণে নিয়ন্ত্রণ হারিয়ে সার্ভিস লেনের রেলিংয়ের সঙ্গে ধাক্কা লেগে ঘটনাস্থলে নিহত হয়।

পরে হাসাড়া হাইওয়ে থানার পুলিশ খবর পেয়ে মৃতদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায়।

হাসাড়া হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল কাদের জিলানী বলেন, মোটরসাইকেল চালক বেপরোয়া ও দ্রুত গতির কারণে নিয়ন্ত্রণ হারিয়ে সার্ভিস লেনের রেলিংয়ের সঙ্গে ধাক্কা লেগে ঘটনাস্থলে নিহত হয়।পরে পুলিশ খবর পেয়ে মৃতদেহের সুরতহাল রিপোর্ট প্রস্তুত করে থানায় নিয়ে আসে।আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।এক্সপ্রেসওয়েতে কোন যানজট নাই।আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ে

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 18:08

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/1449620122